গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা

মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৯.১০.২০২৩ |
| সভার সময় | সকাল ১০: ৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ। পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ। |

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে নৌপরিবহন মন্ত্রণালয়ে মন্ত্রিসভা বৈঠকে গৃহিত ৫(পাচ)টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে। যা সভার আলোচ্যসূচী হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্হিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| | | | | |
|---|---|---|---|---|
| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | গত ১৯.০৯.২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন সংশোধনী না থাকায় গত ১৯.০৯.২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | মসবৈ-১৪(০৪)/২০১৫; তারিখ: ০৬ এপ্রিল ২০১৫<br>‘The Ports (Amendment) Act, 2015’- এর খসড়ার নীতিগত অনুমোদন। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, The Ports (Amendment) Act, 2015” (নীতিগত অনুমোদনের তারিখ ০৬ এপ্রিল ২০১৫) নীতিগত অনুমোদনের পর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিং করে গত ০৩-০৮-২০১৫ তারিখে জাতীয় সংসদে বিল আকারে প্রেরণ করা হলে জাতীয় সংসদের ১৭-১১-২০১৫ তারিখের বৈঠকে বিলটি ভোটের মাধ্যমে প্রত্যাহার করা হয়। অত:পর “The Ports (Amendment) Act, 2015” টি বাংলায় রূপান্তরিত করে “বন্দর আইন, ২০২৩”প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। সকল প্রক্রিয়া অনুসরণ অন্তে ১৪-০৬-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের “আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি”র নিকট প্রেরণ করা হয়। মন্ত্রিসভা বিভাগের অতিরিক্ত সচিব (আইন) মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে ০৪-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিটির ৫ম সভায় “বন্দর আইন, ২০২৩” পরীক্ষা-নিরীক্ষা করা হয়। উক্ত সভার কার্যবিববরণীমতে পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | ‘The Ports (Amendment) Act, 2015’- টি বাংলায় রূপান্তরিত করে “বন্দর আইন, ২০২৩”প্রণয়নের খসড়া দ্রুত অনুমোদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ও<br>২.উপসচিব (টিএ)<br>নৌপরিবহন মন্ত্রণায়। |
| ৩. | মসবৈ-১০(০৫)/২০১৮; তারিখ: ০৭ মে ২০১৮<br>BIMSTEC সদস্যভুক্ত দেশগুলির মধ্যে সম্পাদনের লক্ষ্যে Agreement on Coastal Shipping-এর খসড়ার অনুমোদন। | Agreement on Coastal Shipping সংক্রান্ত একটি চুক্তি গত ২০১৭ সালের নভেম্বর মাস থেকে BIMSTEC সচিবালয় কর্তৃক প্রক্রিয়াধীন রয়েছে। বর্ণিত চুক্তিটির text মে ২০১৮ সালে মন্ত্রিপরিষদ সভায় নীতিগত অনুমোদন করা হয় এবং বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে BIMSTEC সচিবালয়কেও অবহিত করা হয়। কিন্তু অপরাপর দেশসমূহ কর্তৃক চুক্তিটির Ratification প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় তা অদ্যাবধি কার্যকর হয়নি। এ প্রেক্ষাপটে গত ২৭-০৯-২০২১ তারিখে ভারতীয় পক্ষ হতে BIMSTEC সচিবালয়ের মাধ্যমে চুক্তিটির নাম পরিবর্তনসহ আরো কিছু সংশোধনী প্রস্তাব করা হয়। উল্লেখ্য, ভারত যোগাযোগ সংশ্লিষ্ট ক্ষেত্রে BIMSTEC সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে Lead-country. ইতিমধ্যে মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত Agreement on Coastal Shipping কার্যকর করা/হওয়ার সম্ভাবনা নেই বলে প্রতীয়মান হয়। তবে তদস্থলে ভারতীয় পক্ষ কর্তৃক প্রস্তাবিত Agreement on Maritime Transport Cooperation শীর্ষক চুক্তিটির খসড়া text এর ব্যাপারে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন | BIMSTEC সদস্যভুক্ত দেশগুলির মধ্যে সম্পাদনের লক্ষ্যে সারসংক্ষেপের Agreement on Coastal Shipping-এর পরিবর্তে Agreement on Maritime Transport Cooperation অনু-মোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (আইও) অধিশাখা,নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংস্থাসমূহের মতামত গ্রহণপূর্বক এর প্রাথমিক খসড়া চূড়ান্ত করে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে BIMSTEC সচিবালয়ে প্রেরণ করা হয়েছে। BIMSTEC সচিবালয় সদস্য রাষ্ট্রসমূহের প্রতিনিধিদের নিয়ে গত ৩০/৮/২০২২তারিখে "BIMSTEC Working group to finalize the Draft Text of the Agreement of Maritime Transport cooperation" এর দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বাংলাদেশ অংশগ্রহণ করেছে এবং এ সংক্রান্ত পূর্বে প্রেরণকৃত Text সমর্থনপূর্বক সভায় বক্তব্য উপস্থাপন করা হয়েছে। গত ২৯-০৩-২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় পত্রের মাধ্যমে ১৯তম BIMSTEC Ministerial Meeting এর Paragraph 82-এ দৃষ্টি প্রদান করত: বাংলাদেশ পক্ষের text চূড়ান্তকরণের অভ্যন্তরীণ প্রক্রিয়া সম্পন্নকরণের অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে পুনরায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মতামত গ্রহণপূর্বক পূর্বে প্রেরিত text এর সাথে সমন্বয় করে textটি চূড়ান্ত করা হয়। চূড়ান্তকৃত textটির নাম পরিবর্তনসহ নতুন অনুচ্ছেদের সংযোজনের কারণে মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের পূর্বে পুনরায় ভেটিং এর জন্য গত ০৬-০৭-২০২৩ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। ২১-০৯-২০২৩ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিংকৃত মতামত পাওয়া যায়। বর্ণিত textটি চূড়ান্তকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে সারসংক্ষেপ প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৪. | মসবৈ-১৪(০৮)/২০১৯; তারিখ: ২৬ আগস্ট ২০১৯ মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৯ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন। | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় ইংরেজি ভাষায় প্রণীত আইনসমূহের মধ্যে ইতোমধ্যে ৫টি আইন (The Chittagong Port Authority Ordinance, 1976 রদরহিত করে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২; Mongla Port Authority Ordinance, 1976 রদরহিত করে মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২; Bangladesh Flag Vessels (Protection) Ordinance, 1982রদরহিত করে বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯; Lighthouse Act 1927 রদরহিত করে বাংলাদেশ বাতিঘর আইন 2020; Bangladesh Shipping Corporation | ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধান<br>২. সকল শাখা /অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | Order1972 রদরহিত করে বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭) রদরহিত করে বাংলায় প্রণয়ন করে গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। ইংরেজি ভাষায় প্রনীত অবশিষ্ট নিম্নবর্ণিত আইনসমূহ যুগোপযোগী করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।<br>১। **The Ports (Amendment) Act, 2015"**(নীতিগত অনুমোদনের তারিখ ০৬ এপ্রিল ২০১৫): নীতিগত অনুমোদনের পর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিং করে গত ০৩-০৮-২০১৫ জাতীয় সংসদে বিল আকারে প্রেরণ করা হলে জাতীয় সংসদের ১৭-১১-২০১৫ তারিখের বৈঠকে বিলটি ভোটের মাধ্যমে প্রত্যাহার করা হয়। অত:পর "The Ports (Amendment) Act, 2015" টি বাংলায় রূপান্তরিত করে **"বন্দর আইন, ২০২৩"**প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। সকল প্রক্রিয়া অনুসরণ অন্তে ১৪-০৬-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি"র নিকট প্রেরণ করা হয়েছে। মন্ত্রিসভা বিভাগের অতিরিক্ত সচিব (আইন) মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে ০৪-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিটির ৫ম সভায় "বন্দর আইন, ২০২৩" পরীক্ষা-নিরীক্ষা করা হয়। সভার কার্যবিবরণী এখনো পাওয়া যায়নি।<br>২। "The Inland Shipping Ordinance, 1976" রহিত করে " অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২২"প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। সকল প্রক্রিয়া অনুসরন করে গত ১৩-০৭-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে খসড়া আইনটি প্রেরণ করা হয়। উক্ত প্রণীত খসড়া নিয়ে পর্যায়ক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে মোট ০৪টি সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংশোধিত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে খসড়া আইনটি মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়। নীতিগত অনুমোদনের জন্য সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে কতিপয় সংশোধনের নিমিত্ত সারসংক্ষেপটি ফেরত এনে প্রয়োজনীয় সংশোধন করে পুনরায় ২০/০৯/২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আন্তঃমন্ত্রণালয় কমিটি”র নিকট প্রেরণ করা হয়েছে।<br>৩। নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক The Bangladesh Merchant Shipping Ordinance, 1983 রহিত করে “বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২২” প্রণয়ণের জন্য সকল প্রক্রিয়া সম্পন্ন শেষে গত ২০-০৪-২০২২ খ্রি. তারিখে প্রণীত আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হয়। গত ১২-০৯-২০২২ খ্রি. তারিখে ১ম সভা, ২১ জুন, ২০২৩ খ্রি. তারিখ ২য় সভা এবং ০৪-০৯-২০২৩ তারিখে কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ সভার সিদ্ধান্ত মোতাবেক পরিমার্জিত খসড়াটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। The Protection of Ports (Special measures) Act, 1948 রহিত ও যুগোপযোগি করিয়া বন্দর সংরক্ষণ আইন-২০২২ প্রণয়নের জন্য সকল প্রক্রিয়া অনুসরণ পূর্বক ০৭ আগস্ট ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হয়। ০৪-১০-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রণীত আইনের খসড়া সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগের বর্ণিত কমিটিতে পুন:রায় প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | মসবৈ-১৬(০৯)/২০১৯, তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০১৯ ‘বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০১৯’-এর খসড়ার নীতিগত অনুমোদন। | “The Bangladesh Inland Water Transport Corporation Order-1972” (নীতিগত অনুমোদনের তারিখ ০৯ সেপ্টেম্বর ২০১৯) এর পরিবর্তে বাংলা ভাষায় ‘বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০১৯’-এর খসড়ার মন্ত্রিসভা কর্তৃক নীতিগতভাবে অনুমোদনের পর আইনটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিংকৃত “বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০২০” মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে নির্দেশনা প্রদান করা হয় যে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোনরূপ সংশোধন /পরিমার্জন/ পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলি রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ সমীচীন।’’বর্ণিত নির্দেশনা মতে সকল প্রক্রিয়া অনুসরণ করে নৌপরিবহন মন্ত্রণালয় হতে আইনটির ইংরেজিতে খসড়া প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটি কর্তৃক ৯ মার্চ, ২০২২ তারিখে ১ম সভা, ২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ২য় সভা, ১৮ মে ২০২৩ তারিখে ৩য় সভা এবং ১০-০৮-২০২৩ তারিখে ৪র্থ সভা করা হয়। সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুসারে খসড়া আইনটি সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণের কার্যক্রম চলমান আছে। | The Bangladesh Inland Water Transport Corporation Order-1972”-এর খসড়া দ্রুত অনুমোদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি<br>২. উপসচিব, টিসি শাখা, নৌপম |
| ৬. | মসবৈ-১২(০৭)/২০২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩ মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২৩ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল- জুন) প্রতিবেদন। | বর্ণিত সময়ে জারি করা মোট ৫টি অধ্যাদেশের মধ্যে ৩টি অধ্যাদেশ রহিত করে নতুন আইন করা হয়েছে এবং ২০১৩ সালের ৬ ও ৭ নম্বর আইনের তফসিল হইতে বিযুক্তকরণ (The Mongla Port Authority Ordinance, 1976; The Chittagong Port Authority Ordinance, 1976; Bangladesh Flag Vessels (Protection) Ordinance, 1982) করা হয়েছে। বাকি ২টি অধ্যাদেশ রহিতক্রমে নতুন আইন প্রনয়ণের কার্যক্রম চলমান রয়েছে, যা নিম্নে উল্লেখ করা হলো।<br>১। “The Inland Shipping Ordinance, 1976” রহিত করে “অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২২”প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। সকল | ২০১৩ সালের ৬ ও ৭ নম্বর আইনের তফসিল হইতে সামরিক শাসনামলে জারীকৃত অধ্যাদেশসমূহ বিযুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. মহাপরিচালক, নৌপঅ<br>২. উপসচিব (জাহাজ) শাখা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রক্রিয়া অনুসরন করে গত ১৩-০৭-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে খসড়া আইনটি প্রেরণ করা হয়। উক্ত প্রণীত খসড়া নিয়ে পর্যায়ক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে মোট ০৪টি সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংশোধিত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে খসড়া আইনটি মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়। নীতিগত অনুমোদনের জন্য সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে কতিপয় সংশোধনের নিমিত্ত সারসংক্ষেপটি ফেরত এনে প্রয়োজনীয় সংশোধন করে পুনরায় ২০/০৯/২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি"র নিকট প্রেরণ করা হয়েছে।<br>২। নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক **The Bangladesh Merchant Shipping Ordinance, 1983** রহিত করে "বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২২" প্রণয়ণের জন্য সকল প্রক্রিয়া সম্পন্ন শেষে গত ২০-০৪-২০২২ খ্রি. তারিখে প্রণীত আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হয়। গত ১২-০৯-২০২২ খ্রি. তারিখে ১ম সভা, ২১ জুন, ২০২৩ খ্রি. তারিখ ২য় সভা এবং ০৪-০৯-২০২৩ তারিখে কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ সভার সিদ্ধান্ত মোতাবেক পরিমার্জিত খসড়াটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.১৬.০০২.২০.৭৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০
০২ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা

৩) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা

মোঃ মনিরুজ্জামান মিঞা
উপসচিব